# সরকারি তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ

তারিখ: ০৫/০৭/২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২৫ সালের অনার্স ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার ফরমপূরণ।**

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্টদের জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শুধুমাত্র Promoted শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে ২০২৫ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অনার্স ২য় বর্ষ শিক্ষার্থীদের পরীক্ষার ফরমপূরণ ০৫/০৭/২০২৬ হতে ২৮/০৭/২০২৬ তারিখ পর্যন্ত চলবে।

### ফরম পূরণ প্রক্রিয়াঃ

শিক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (ems.nu.ac.bd) অথবা http://www.nu.ac.bd/online-form-fill-up.php) এ গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরমপূরণ করতে হবে। আবেদন ফরমে বিষয়কোড ও ফি উল্লেখ থাকবে। আবেদন ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে ফরম ডাউনলোড করে প্রিন্ট করে প্রয়োজনীয় কাগজপত্রসহ (দুই সেট) বিভাগ হতে যাচাই ও বিভাগীয় প্রধানের স্বাক্ষর গ্রহণ করবে। পরবর্তীতে নির্ধারিত টাকা অনলাইন মোবাইল ব্যাংকিং "বিকাশ/রকেট/উপায়" এর মাধ্যমে জমা দিয়ে অনলাইন পেমেন্ট রশিদসহ আবেদন ফরমসহ কলেজের স্ব স্ব বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

- **বিভাগ হতে আবেদন ফরম যাচাই - সময় সকাল ১০:০০ টা হতে দুপুর- ১:৩০ মি: পর্যন্ত ।**

**বিঃ দ্রঃ ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন সুযোগ নাই।**

### পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলীঃ

#### নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়ে ২০২৪ সালের অনার্স ২য় বর্ষের কোর্স সম্পন্ন করেছে তারা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অনার্স কোর্সের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

#### অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২৩ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে "C" বা "D" গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০২৪ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ২ টি কোর্সে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

#### গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

২০২৩ সালের অনার্স ২য় বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে সর্বোচ্চ ২ টি কোর্সে ।

যে সকল শিক্ষার্থী ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২৪ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত পত্রে ২০২৪ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে পরীক্ষার্থী মোট ফি এর অতিরিক্ত ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ফি প্রদান করবে।

#### ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৬০০০/- (ছয় হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরমপূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

পাঠ্যসূচি ঃ

সকল বিষয়ের পরীক্ষা ০৪ (চার) বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচি ও সংশোধিত রেগুলেশন ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

পূরণকৃত ফরমের সাথে সংযুক্ত করতে হবে ঃ

(ক) টাকা পরিশোধের অনলাইন মানি রিসিটের কপি।

(খ) আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, মান উন্নয়নের ক্ষেত্রে প্রবেশপত্রের ফটোকপিসহ নির্ধারিত তারিখের মধ্যে কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিস্ট বিভাগে জমা দিতে হবে। আবেদন ফরমসমূহ প্রয়োজনীয় কাগজপত্র ভবিষ্যতে প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের চাহিদা মোতাবেক সরবরাহের লক্ষ্যে স্ব স্ব বিভাগে সংরক্ষণ করতে হবে।

(গ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রবেশপত্র সরবরাহের পর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

## ২০২৫ সালের অনার্স ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষার নির্ধারিত ফিসের বিবরণঃ

| ক্র: নং | বিষয় | বেতন ও সেশন চার্জ (ক) | পরীক্ষা, কেন্দ্র ও অন্যান্য ফি (খ) | সর্বমোট (ক+খ) |
|---|---|---|---|---|
| ১. | বাংলা | ২,৯২৬/- | ২,৭৫০/- | ৫,৬৭৬/- |
| ২. | ইংরেজি | ২,৮০৬/- | ২,৪৫০/- | ৫,২৫৬/- |
| ৩. | দর্শন | ২,৯২৬/- | ২,৭৫০/- | ৫,৬৭৬/- |
| ৪. | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি | ২,৯২৬/- | ২,৭৫০/- | ৫,৬৭৬/- |
| ৫. | অর্থনীতি | ২,৯২৬/- | ২,৭৫০/- | ৫,৬৭৬/- |
| ৬. | রাষ্ট্রবিজ্ঞান | ২,৯২৬/- | ২,৭৫০/- | ৫,৬৭৬/- |
| ৭. | সমাজকর্ম | ২,৯২৬/- | ২,৭৫০/- | ৫,৬৭৬/- |
| ৮. | হিসাববিজ্ঞান | ২,৯২৬/- | ২,৭৫০/- | ৫,৬৭৬/- |
| ৯. | ব্যবস্থাপনা | ২,৯২৬/- | ২,৭৫০/- | ৫,৬৭৬/- |
| ১০. | রসায়ন | ৩,০২৬/- | ৪,৪১৫/- | ৭,৪৪১/- |
| ১১. | গণিত | ৩,০২৬/- | ৪,০৬০/- | ৭,০৮৬/- |
| ১২. | পদার্থবিজ্ঞান | ৩,০২৬/- | ৪,০৬০/- | ৭,০৮৬/- |
| ১৩. | উদ্ভিদবিজ্ঞান | ৩,০২৬/- | ৪,১৯০/- | ৭,২১৬/- |
| ১৪. | প্রাণিবিজ্ঞান | ৩,০২৬/- | ৪,১৯০/- | ৭,২১৬/- |
| ১৫. | গ্রেড উন্নয়ন (এক পত্র) | | | ১,৪০০/- |
| ১৬. | C-Promoted শিক্ষার্থীর বিশেষ অন্তর্ভূক্তি ফি (অন্যান্য ফি এর অতিরিক্ত প্রতি পরীক্ষার্থী) | | | ২,৩০০/- |
| ১৭. | ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত বা অকৃতকার্য) শিক্ষার্থীদের জন্য | | | ৫,৫০০/- |
| বি: দ্রঃ গ্রেড উন্নয়ন (এক পত্র) লাগবে ১,৪০০/- টাকা এবং একাধিক পত্রের জন্য পত্র প্রতি ৩০০/- টাকা হারে যোগ হবে। | | | | |

### ফি প্রদান প্রক্রিয়া ঃ

নির্ধারিত ফি মোবাইল ব্যাংকিং সিস্টেম "বিকাশ/রকেট/উপায়" এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

bKASH > EDUCATION FEE > GOVT. TOLARAM COLLEGE > STUDENT ID (Regi: No) > TK > PAID

Or

ROCKET > BILL PAY > GOVT. TOLARAM COLLEGE > STUDENT ID (Regi: No) > TK > PAID

Or

Upay > EDUCATION > GOVT. TOLARAM COLLEGE > STUDENT ID (Regi: No) > TK > PAID

বি: দ্রঃ ফরমপূরণ সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র অবশ্যই **স্ব স্ব বিভাগে জমা দিতে হবে**। উক্ত কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে ফরমপূরণ সংক্রান্ত কোনো জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

05.07.2026

(প্রফেসর মো. শহীদুল ইসলাম)
অধ্যক্ষ
সরকারি তোলারাম কলেজ